গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
সংসদ ও সমন্বয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mos.gov.bd

**বিষয়: নৌপরিবহন মন্ত্রণালয়ের ডিসেম্বর, ২০২০ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী<br>সচিব, নৌপরিবহন মন্ত্রণালয় |
| তারিখ | : | ৩১-০১-২০২০ খ্রি: |
| সময় | : | বিকাল ৩.০০ ঘটিকা |
| স্থান | : | নৌপরিবহন মন্ত্রণালয়ের সভা কক্ষ (কক্ষ নং-৮০৮, ভবন নং-৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) |

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকাঃ পরিশিষ্ট-ক।

২। চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, মোংলা বন্দর কর্তৃপক্ষ এবং পায়রা বন্দর কর্তৃপক্ষ, ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন এবং অধ্যক্ষ, ন্যশনাল মেরিটাইম ইন্সটিটিউট সভায় ভার্চুয়াল সংযোগে অংশগ্রহণ করেন।

৩। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত করে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে তিনি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। এরপর সর্বসম্মতিক্রমে গত ৩১/১২/২০২০ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী দৃঢ়করণ করা হয়। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (প্রশাসন) কার্যপত্র সভায় উপস্থাপন করেন। দপ্তর এবং সংস্থাসমূহের প্রধান, প্রতিনিধি এবং মন্ত্রণালয়ের উপস্থিত কর্মকর্তাবৃন্দ আলোচনায় অংশগ্রহণ করেন। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্র:নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১. | **জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী যথোপযুক্ত মর্যাদায় উদযাপনের লক্ষ্যে সম্ভাব্য কর্মসূচি** | ১। <u>সেমিনার আয়োজনঃ</u><br>(ক) সভায় জানানো হয় যে, বঙ্গবন্ধুর দর্শন ও সুনীল অর্থনীতি শিরোনামে সেমিনারটি আগামী ০৭ ফেব্রুয়ারি ২০২১ তারিখ হোটেল ইন্টার কন্টিনেন্টাল এ আয়োজন করা হবে। উক্ত সেমিনারে প্রধান অতিথি ড. গওহর রিজভী, মাননীয় প্রধানমন্ত্রীর আন্তর্জাতিক সম্পর্ক বিষয়ক উপদেষ্টা মহোদয় উপস্থিত থাকতে সদয় সম্মতি জ্ঞাপন করেছে। সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করবেন রিয়ার এডমিরাল (অবঃ) মো. খুরশিদ আলম, সচিব (এমএইউ), পররাষ্ট্র মন্ত্রণালয়। সেমিনারটি ফলপ্রসূভাবে আয়োজনের | ১। (ক) (১) বঙ্গবন্ধুর দর্শন ও সুনীল অর্থনীতি শিরোনামে ২য় সেমিনার আগামী ৭ ফেব্রুয়ারি, ২০২১ তারিখে সফলভাবে আয়োজন সম্পন্ন করতে হবে।<br><br>(২) চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ সেমিনার আয়োজনে সার্বিক সহায়তা প্রদান করবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন), নৌপরিবহন মন্ত্রণালয় এবং চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ |

| | | | | |
|---|---|---|---|---|
| | | লক্ষ্যে অতিরিক্ত সচিব (প্রশাসন) কে আহবায়ক করে মূল কমিটি ও অন্যান্য ৪টি কমিটি গঠন করা হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। | | |
| | | খ) **বঙ্গবন্ধুঃ শ্বাশ্বত বাংলার প্রতিরূপ"** শিরোনামে সেমিনার গঠিত কমিটির একটি চেকলিস্ট প্রস্তুত করেছে মর্মে সভায় অতিরিক্ত সচিব (সংস্থা-২) জানান। সে আলোকে কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। বিআইডব্লিউটিএ'র জাহাজ পরিদর্শীতে ১০০জনের বেশি অতিথি নিয়ে সেমিনার আয়োজন সম্ভব হবে না। এক্ষেত্রে বিকল্প হিসেবে বিআইডব্লিউটিসির কোন জাহাজে সেমিনারটি আয়োজন করা যায় কিনা সে বিষয়ে সভায় আলোচনা করা হয়। সভাপতি জানান যে, পরিদর্শী জাহাজে সেমিনারটি আয়োজন সম্ভব না হলে সে বিষয়ে প্রতিমন্ত্রী মহোদয়ের সাথে আলোচনা করে সিদ্ধান্ত গ্রহণ করা হবে। তবে নৌপথে আয়োজিত সেমিনারটিতে অতিথির সংখ্যা সীমিত রাখতে হবে। বঙ্গবন্ধু যুগোশ্লোভিয়ার প্রেসিডেন্ট জোসেফ মার্শাল টিটো ও ভারতের প্রধানমন্ত্রী শ্রীমতি ইন্দিরা গান্ধীর সাথে যে নৌভ্রমন করেছেন সেটি বিবেচনায় রেখে সেমিনারটি আয়োজন করতে হবে। | **(খ) (১) বঙ্গবন্ধুঃ শ্বাশ্বত বাংলার প্রতিরূপ"** শিরোনামে ৩য় সেমিনার আগামী মে/জুন ২০২১ নাগাদ ঢাকা থেকে চাঁদপুর পর্যন্ত নৌপথে আয়োজন করতে হবে।<br>(২) বিআইডব্লিউটিএ ও বিআইডব্লিউটিসি সেমিনার আয়োজনের সার্বিক সহায়তা প্রদান করবে।<br>(৩) সেমিনার আয়োজন কালে নৌপথে সার্বিক নিরাপত্তা নিশ্চিত করতে হবে। | অতিরিক্ত সচিব (সংস্থা-২) নৌপরিবহন মন্ত্রণালয়, বিআইডব্লিউটিএ এবং বিআইডব্লিউটিসি |
| | | ২। <u>বঙ্গবন্ধুর বক্তৃতা সংকলন ও এলবামঃ</u> সভায় উপসচিব জনাব সালাহউদ্দিন আহাম্মদ জানান যে, "সোনার বাংলায় সুনীল স্বপ্ন" শিরোনামে জন্মশত বার্ষিকী উদযাপনের অংশ হিসেবে বঙ্গবন্ধুর বক্তৃতা ও এলবাম সংকলনটির চূড়ান্ত মুদ্রনের কার্যক্রম চলমান আছে। আগামী ৭ ফেব্রুয়ারী, ২০২১ তারিখে বঙ্গবন্ধুর দর্শন ও সুনীল অর্থনীতি শীর্ষক ২য় সেমিনারে প্রকাশনাটির মোড়ক উন্মোচন করার লক্ষ্যে সকল কার্যক্রম সম্পন্ন করা হচ্ছে। | ২। আগামী ৭ ফেব্রুয়ারি ২০২১ এ অনুষ্ঠিতব্য বঙ্গবন্ধুর দর্শন ও সুনীল অর্থনীতি শীর্ষক সেমিনারে "সোনার বাংলায় সুনীল স্বপ্ন" শিরোনামে প্রকাশনাটির মোড়ক উন্মোচন করা হবে। | নৌপরিবহন মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কমিটি |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ৩। <u>ডকুমেন্টারীঃ</u><br>সভায় জানানো হয় যে, বিআইডব্লিউটিএ কর্তৃক প্রস্তুতকৃত খসড়া ডকুমেন্টারী যাচাইপূর্বক প্রতিবেদন প্রদানের জন্য গত ২৫/০১/২০২১ তারিখে অতিরিক্ত সচিব (বন্দর) কে আহবায়ক করে ৪ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়েছে। কমিটি ডকুমেন্টারী যাচাই করে ৩/৪ দিনের মধ্যে একটি প্রতিবেদন প্রদানের বিষয়ে সভায় আলোজনা হয়। বিআইডব্লিউটিএ'র চেয়ারম্যান জানান যে, আগামী মে/জুন ২০২১ এ অনুষ্ঠিতব্য "বঙ্গবন্ধু শ্বাশ্বত বাংলার প্রতিরূপ" শীর্ষক সেমিনারে ডকুমেন্টারিটির প্রদর্শন করা যেতে পারে। সে লক্ষ্যে ডকুমেন্টারিটি চূড়ান্ত করার প্রস্তাব করেন। | ৩। (ক) কমিটি কর্তৃক বিআইডব্লিউটিএ কর্তৃক প্রস্তুতকৃত খসড়া ডকুমেন্টারি যাচাইপূর্বক আগামী ৩ কার্যদিবসের মধ্যে প্রতিবেদন দাখিল করতে হবে।<br><br>(খ) আগামী মে/জুন ২০২১ এ অনুষ্ঠিতব্য "বঙ্গবন্ধু শ্বাশ্বত বাংলার প্রতিরূপ" শীর্ষক সেমিনারে প্রদর্শনের লক্ষ্যে ডকুমেন্টারীটি চূড়ান্ত করতে হবে। | নৌপরিবহন মন্ত্রণালয় এবং বিআইডব্লিউটিএ |
| | | ৪। <u>মেরিন একাডেমির শিক্ষা কার্যক্রম চালু:</u><br>নতুন ৪টি মেরিন একাডেমি (বরিশাল, রংপুর, পাবনা ও সিলেট) এর সাংগঠনিক কাঠামোতে রাজস্বখাতে অস্থায়ী ভাবে সৃজিত ৪৬ টি করে ৪৬X৪ মোট ১৮৪টি পদের বেতন গ্রেড ও নিয়োগ যোগ্যতা সংশোধন করে অর্থ মন্ত্রণালয়ের বাস্তবায়ন অনুবিভাগ হতে সম্মতি জ্ঞাপন করা হয়েছে। সচিব কমিটির সুপারিশের নিমিত্ত প্রস্তাব প্রেরণের কার্যক্রম প্রক্রিয়াধীন আছে। খন্ডকালীন বা প্রেষণের জনবল নিয়োগের বিষয়টি প্রক্রিয়াধীন আছে। নতুন ৪টি মেরিন একাডেমির পদসৃজনের কার্যক্রম দ্রুততার সাথে সম্পন্ন করে জনবল নিয়োগের কার্যক্রম ত্বরান্বিত করতে হবে। একই সাথে খন্ডকালিন বা প্রেষণে জনবল নিয়োগের কার্যক্রম গ্রহণ করতে হবে। | ৪। (ক) নতুন ৪টি মেরিন একাডেমির সাংগঠনিক কাঠামোতে পদ সৃজনের কার্যক্রম সম্পন্ন করে দ্রুত জনবল নিয়োগের কার্যক্রম শুরু করতে হবে।<br><br>(খ) খন্ডকালিন বা প্রেষণে জনবল নিয়োগের বিষয়ে দ্রুত কার্যক্রম গ্রহণ করতে হবে। | নৌশিক্ষা ও প্রশিক্ষন অধিশাখা, নৌপরিবহন মন্ত্রণালয়। |
| ২. | **মাননীয় প্রধানমন্ত্রীর** | সভায় মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত প্রতিটি প্রতিশ্রুতি ও নির্দেশনা | ২। (ক) মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনার | সকল দপ্তর ও সংস্থা |

| | | | | |
|---|---|---|---|---|
| | **প্রতিশ্রুতি** | পৃথকভাবে আলোচনা করা হয়। সভাপতি জানান যে, মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত প্রতিশ্রুতি ও নির্দেশনা যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। সকল দপ্তর ও সংস্থাকে এ বিষয়ে সর্বোচ্চ গুরুত্ব প্রদান করতে হবে। কোন অবস্থায় এটি পেন্ডিং রাখা যাবে না। এ বিষয়ে কোন সমস্যা থাকলে সেটি মন্ত্রণালয়ের মাধ্যমে প্রধানমন্ত্রীর কার্যালয়কে অবহিত করতে হবে। তিনি জানান যে প্রতিশ্রুতি ও নির্দেশনাগুলোর বিষয়ে হালনাগাদ অনেক কার্যক্রম গ্রহণ করা হয়েছে যা প্রতিবেদনে উঠে আসেনি। তিনি দপ্তর/সংস্থা প্রধানদের দৃষ্টি আকর্ষণ করে জানান যে এ বিষয়ে একজন দায়িত্বশীল কর্মকর্তাকে মনোনয়নপূর্বক মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখার সাথে সমন্বয় করে পরিষংখ্যান ভিত্তিক হালনাগাদ অগ্রগতি প্রেরণ করতে হবে। মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখাগুলো হালনাগাদ তথ্য সরবরাহ করবে। সভায় যুগ্মসচিব (পরিকল্পনা) জানান যে, মাননীয় প্রধানমন্ত্রী প্রদত্ত প্রতিশ্রুতি ও নির্দেশনার প্রায় সবগুলোই পরিকল্পনা উইং সংশ্লিষ্ট বিধায় এ কাজটি পরিকল্পনা উইং হতে হওয়াই যুক্তিযুক্ত। তিনি এ সংক্রান্ত সকল কার্যক্রম পরিকল্পনা উইং এ প্রেরণের বিষয়টি সভায় উত্থাপন করে। বিস্তারিত আলোচনা শেষে সভাপতি এ বিষয়ে সকল কার্যক্রম পরিকল্পনা উইং এ স্থানান্তরের জন্য সভাকে অবহিত করেন। এ ছাড়া প্রতিশ্রুতি ও নির্দেশনা বাস্তবায়নের বিষয়ে দপ্তর/সংস্থা প্রধানসহ মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখার কর্মকর্তাগণকে অগ্রাধিকার প্রদানের বিষয়ে সভায় দিকনির্দেশনা প্রদান করেন। | বিষয়গুলো পরিকল্পনা উইং এর সাথে সংশ্লিষ্ট হওয়ায় এ সংক্রান্ত পরবর্তী সকল কার্যক্রম পরিকল্পনা উইং হতে সম্পন্ন করা হবে।<br>(খ) সংসদ ও সমন্বয় শাখা হতে এ সংক্রান্ত কার্যক্রম পরিকল্পনা উইং এ স্থানান্তর করতে হবে।<br>(গ) মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনার বিষয়টি সর্বাধিক গুরুত্ব প্রদান করে মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখার সাথে সমন্বয় করে হালনাগাদ তথ্য প্রতিবেদন প্রেরণ করতে হবে।<br>(ঘ) দপ্তর ও সংস্থার প্রধানগণ কর্তৃক সরাসরি বিষয়টি মনিটরিং করতে হবে। | |
| ৩. | **মন্ত্রিসভা বৈঠকের সিদ্ধান্ত** | সভায় জানানো হয় যে, মন্ত্রিসভা বৈঠকে গৃহীত নৌপরিবহন মন্ত্রণালয়ের | মন্ত্রিসভার সিদ্ধান্ত বাস্তবায়ন বিষয়ক অগ্রগতি প্রতিবেদন | অতিরিক্ত সচিব (প্রশাসন) |

| | | | | |
|---|---|---|---|---|
| | বাস্তবায়ন | সাথে সম্পর্কিত ৯টি সিদ্ধান্ত আছে। উক্ত সিদ্ধান্তের মধ্যে অধিকাংশই মন্ত্রণালয়ের আইন সংক্রান্ত। যেগুলোর বিষয়ে কার্যক্রম চলমান আছে। মন্ত্রিসভা বৈঠকের সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে গত ২৬/০১/২০২১ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে একটি সভা অনুষ্ঠিত হয়। সভার কার্যপত্র পাওয়ার পর এবিষয়ে কার্যক্রম গ্রহণ করা হবে। সভাপতি জানান যে, মন্ত্রিসভার সিদ্ধান্ত বাস্তবায়ন বিষয়ক অগ্রগতি প্রতিবেদন হালনাগাদ তথ্যাদিসহ যথাসময়ে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। | হালনাগাদ তথ্যাদিসহ যথাসময়ে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। | সকল শাখা/সকল দপ্তর ও সংস্থা |
| ৪. | জেলা প্রশাসক সম্মেলন, ২০১৯ এর সিদ্ধান্ত বাস্তবায়ন | সভায় জানানো হয় যে, জেলা প্রশাসক সম্মেলন ২০১৯ এ নৌপরিবহন মন্ত্রণালয় সম্পর্কিত মোট ৯টি সিদ্ধান্তের মধ্যে ৪টি বাস্তবায়িত হয়েছে। ২টি সিদ্ধান্ত অন্য মন্ত্রণালয়/বিভাগের সাথে শর্তেসাপেক্ষে সম্পৃক্ত বিধায় উক্ত মন্ত্রণালয়/বিভাগকে কার্যক্রম গ্রহণের জন্য পত্র প্রেরণ করা হয়েছে। এ বিষয়ে অগ্রগতি প্রতিবেদন নিয়মিত সংসদ ও সমন্বয় শাখা থেকে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হচ্ছে। সভাপতি জানান যে, যেসকল সিদ্ধান্ত অন্য মন্ত্রণালয়ের সাথে আংশিক সম্পর্কযুক্ত সেগুলোর ক্ষেত্রে নৌপরিবহন মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট অংশের বিষয়ে কার্যক্রম গ্রহণ করে প্রতিবেদন উল্লেখ করতে হবে। | ৪। (ক) জেলা প্রশাসক সম্মেলন এর সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়নপূর্বক সুনির্দিষ্ট ও হালনাগাদ বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br>(খ) বাস্তবায়ন যোগ্য হবে না এরূপ সিদ্ধান্তসমূহের ক্ষেত্রে দপ্তর এবং সংস্থা প্রধানগণ মন্ত্রণালয়ে সুনির্দিষ্ট মতামত ও তথ্যসহ প্রতিবেদন প্রেরণ করবেন। | বিআইডব্লিউটিএ/ বিআইডব্লিউটিসি/ বাস্থবক/নৌপরিবহন অধিদপ্তর ও মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট অধিশাখা/শাখা। |
| ৫. | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি | সভায় উপসচিব (বাজেট) মন্ত্রণালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির গত ছয়মাসের প্রতিবেদন উপস্থাপন করা হয়। প্রতিবেদনে দেখা যায় যে, মোট লক্ষমাত্রার ৭১% সূচকে ৫০% কাজ সম্পন্ন করতে সক্ষম হয়েছে। অপর ২৯% লক্ষমাত্রার ৫০% কাজ সম্পন্ন করতে সক্ষম হয়নি। কয়েকটি সংস্থার | ৫। (ক) APA এর সুনির্দিষ্ট লক্ষ্যমাত্রা বাস্তবায়ন করতে হবে।<br>(খ) প্রতিমাসের ১ম সপ্তাহে সভা করে মাসের করনীয় নির্ধারণ করে কর্মসম্পাদন করতে হবে।<br>(গ) APA এর অর্জন | সংশ্লিষ্ট শাখা/ সকল দপ্তর/সংস্থা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | কিছু কিছু লক্ষ্যমাত্রার অর্জন এখনো ০% রয়েছে, যেগুলো বাস্তবায়নে কিছু জটিলতা আছে। এছাড়াও কেভিড-১৯ এর কারণে ২/১ টি লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হয়ে উঠেনি। এ বিষয়ে সভাপতি জানান যে, যে সকল লক্ষমাত্রা অর্জনে প্রতিবন্ধকতা রয়েছে সেগুলো দপ্তর ও সংস্থা প্রধানগণ সরাসরি হস্তক্ষেপের মাধ্যমে দূরকরে লক্ষ্যমাত্রা বাস্তবায়ন করতে হবে। তাছাড়া যেসকল লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে সেগুলো যথাযথ প্রমানকসহ মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে কিনা এবং সেগুলো যথাযথ হয়েছে কিনা সে বিষয়টি APA টিম কর্তৃক মন্ত্রিপরিষদ বিভাগের সাথে পরামর্শ করে নিশ্চিত করতে হবে। | সুনির্দিষ্ট প্রমানকসহ প্রেরণ করতে হবে।<br>(ঘ) যে সকল লক্ষ্যমাত্রা অর্জনে প্রতিবন্ধকতা রয়েছে দপ্তর ও সংস্থা প্রধানগণ সেগুলো সরাসরি তত্ত্বাবধানের মাধ্যমে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | |
| ৬. | **মন্ত্রণালয়ের ই-ফাইলিং, ইনোভেশন ও ওয়েবসাইট হালনাগাদকরণ** | সভায় সিস্টেম অ্যানালিস্ট নৌপরিবহন মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর ও সংস্থাসমূহের গত মাসের ই-ফাইলিং কার্যক্রমের প্রতিবেদন তুলে ধরেন। প্রতিবেদনে দেখা যায় যে, মন্ত্রণালয়ের কয়েকটি শাখা এবং কয়েকটি দপ্তর ও সংস্থা এখনো ই-ফাইলিং কার্যক্রমে পিছিয়ে আছে। সিস্টেম আপডেটের কারণে ই-ফাইলিং কার্যক্রমের সাময়িক অসুবিধা হলেও বর্তমানে তা অনেকটাই দূর হয়েছে। সকল দপ্তর/সংস্থা ও শাখা অধিশাখা পুনরায় ই-ফাইলিং কার্যক্রম নিশ্চিত করতে হবে। চেয়ারম্যান বিআইডব্লিউটিসি জানান যে তাদের সিস্টেমের সমস্যার কারণে ই-ফাইলিং কার্যক্রম করা যাচ্ছে না। a2i হতে শিঘ্রই সমস্যাটি সমাধান করা হবে মর্মে জানানো হয়েছে। সভাপতি সিস্টেম এ্যানালিস্টকে সমস্যাটি সমাধানের বিষয়ে a2i এর সাথে সমন্বয় করার জন্য সভায় নির্দেশনা প্রদান করেন। | ৬। (ক) প্রতিটি দপ্তর, সংস্থা, মন্ত্রণালয়ের সকল অধিশাখা ও শাখা কর্তৃক ই-ফাইলিং কার্যক্রম আরো জোরদার করতে হবে এবং ধারাবাহিকতা বজায় রাখতে হবে।<br>(খ) ইফাইলিং সংক্রান্ত বিআইডব্লিউটিসিসহ যে সকল দপ্তর ও সংস্থার সিস্টেমগত সমস্য আছে মন্ত্রণালয়ের সিস্টেম অ্যানাল্টি a2i এর সাথে সমন্বয় করে বিষয়টি সমাধান করবে। | সকল দপ্তর/সংস্থা/ মন্ত্রণালয়ের সকল শাখা/ অধিশাখা/আইসিটি শাখা |

| | | | | |
|---|---|---|---|---|
| ৭. | **অডিট আপত্তি নিষ্পত্তিকরণ** | এ বিষয়ে সংস্থা হতে প্রেরিত অগ্রগতি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। সভায় জানানো হয় যে, মন্ত্রণালয়ের দপ্তর ও সংস্থাসমূহের ২৯৮টি সাধারণ অডিট আপত্তি অনিষ্পন্ন রয়েছে। এছাড়া, ৬৭০টি অগ্রিম আপত্তি ও ১৩৫টি খসড়া অডিট আপত্তিসহ মোট ১১০৩টি অনিষ্পন্ন অডিট আপত্তি রয়েছে। যার সাথে ৪৩৭৪.৩৮ কোটি টাকা জড়িত আছে। অডিট আপত্তিগুলো নিষ্পত্তির লক্ষ্যে যথাযথ কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। সভাপতি জানান যে, সকল দপ্তর ও সংস্থার অডিট আপত্তিগুলোর শ্রেণী বিন্যাস করে যেগুলো নিষ্পন্নযোগ্য সেগুলো দ্রুত নিষ্পত্তি করতে হবে। দ্বিপক্ষীয়, ত্রিপক্ষীয় সভা করে সর্বোচ্চ সংখ্যক অডিট আপত্তি নিষ্পত্তি করতে হবে। অতিরিক্ত সচিব (সংস্থা-২) জানান যে, নিয়মিত দ্বিপক্ষীয়, ত্রিপক্ষীয় সভার আয়োজন করা হচ্ছে। সম্প্রতি চবক ও বিএসসির অডিট আপত্তির বিষয়ে ত্রিপক্ষীয় সভা করা হয়েছে। পর্যায়ক্রমে সকল দপ্তর, সংস্থার সাথে সভা করা হবে। | ৭। (ক) দপ্তর ও সংস্থার অডিট আপত্তিগুলোর শ্রেণী বিন্যাস করে যেগুলো নিষ্পন্নযোগ্য সেগুলো দ্রুত নিষ্পত্তি করতে হবে।<br>(খ) মন্ত্রণালয়ের আইন ও অডিট শাখা সংশ্লিষ্ট দপ্তর ও সংস্থার সাথে দ্বিপাক্ষিক/ ত্রিপাক্ষিক সভা করে অনিষ্পন্ন অডিট আপত্তি নিষ্পত্তির কার্যকর পদক্ষেপ গ্রহণ করবেন। | অডিট শাখা, সকল দপ্তর/সংস্থা |
| ৮. | **দেওয়ানি মামলা সংক্রান্ত তথ্য** | সভায় জানানো হয় যে, মামলার নোটিশ প্রাপ্তির পরই ওকালতনামা, আইনজীবী নিয়োগ, অনুচ্ছেদওয়ারি বক্তব্য তৈরি করে যথাসময়ে সংশ্লিষ্ট আইনজীবীর মাধ্যমে নির্ধারিত আদালতে উপস্থাপন করাসহ অন্যান্য কার্যক্রম গুরুত্বের সাথে বাস্তবায়ন করতে হবে। সংস্থা প্রধানগণ এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে একজন কর্মকর্তাকে দায়িত্ব প্রদান ও দ্রুত মামলা নিষ্পত্তির বিষয়ে বিশেষ উদ্যোগ নিতে হবে। দপ্তর/সংস্থাসমূহের মোট মামলার সংখ্যা ৪০২ টি যার মধ্যে ৩৬১ টির জবাব দাখিল করা হয়েছে, ৩৯টির জবাব দাখিল করা হয়নি এবং বিবেচ্য মাসে সরকারের | **৮। (ক) মামলার আর্জি পাওয়ার পর যথাসময়ে উপযুক্ত জবাব নির্ধারিত আদালতে আইনজীবীর মাধ্যমে উপস্থাপন নিশ্চিত করতে হবে।**<br>**(খ) সংস্থাভিত্তিক মামলার অগ্রগতি নিয়ে নিয়মিত পর্যালোচনা সভা করতে হবে।** | সকল দপ্তর, সংস্থা ও মন্ত্রণালয়ের আইন শাখা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | পক্ষে ২টি মামলা নিষ্পত্তি হয়েছে। যে দুটি মামলা সরকারের বিপক্ষে নিষ্পত্তি হয়েছে সেগুলোর বিস্তারিত সভায় উপস্থাপন করা হয়। কাভিড-১৯ মহামারীর কারণে জরুরি কোন বিষয় ছাড়া বিজ্ঞ আদালতের কার্যক্রম স্থীমিত রয়েছে। রিট পিটিশন ৫৫৭০/০৭ ও ৮৪৯১/০৮ চবক এর বিপক্ষে রায় প্রদান করা হয়। চবক এর কর্মচারী প্রবিধানমালা ১৯৯১ এর ধারা ৫৫(২) অবৈধ ঘোষিত হওয়ায় উচ্চ আদালতে আপিল করার সুযোগ নাই। মামলার তথ্য চবকের সংশ্লিষ্ট নথিতে সংরক্ষনের বিষয়ে সভায় আলোচনা হয়। | | |
| ৯. | **জাতীয় শুদ্ধাচার কৌশল** | সভায় সভাপতি জানান যে, দপ্তর/সংস্থায় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে সচেতনতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ অব্যহত রাখতে হবে। | দপ্তর/সংস্থায় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে সচেতনতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ অব্যহত রাখতে হবে। | সংশ্লিষ্ট শাখা/ সকল দপ্তর/সংস্থা |
| ১০. | **তথ্য অধিকার আইন (আরটিআই)** | সভাপতি জানান যে, তথ্য অধিকার আইন অনুযায়ী তথ্য প্রাপ্তির বিষয়টি যথাযথ ভাবে নিশ্চিত করতে হবে। প্রতিমাসে তথ্য প্রাপ্তির বিষয়ে কতটি আবেদন পাওয়া যায় এবং কতজনকে তথ্য প্রদান করা হয় সে তথ্য উল্লেখ করতে হবে। তথ্য প্রদানে কোন জটিলতা থাকলে সে বিষয়টিও আলোচনা করে নিষ্পত্তি করতে হবে মর্মে সভায় আলোচনা হয়। | ১০। (ক) তথ্য অধিকার আইন (আরটিআই) এর আওতায় চাহিদা মোতাবেক প্রয়োজনীয় তথ্য সরবরাহের বিষয়টি নিশ্চিত করতে হবে।<br>(খ) মন্ত্রণালয়ের প্রতিমাসে তথ্য প্রাপ্তির আবেদন ও তথ্য প্রদানের সংখ্যা উল্লেখ করতে হবে। | সকল দপ্তর/সংস্থা ও সংশ্লিষ্ট শাখা |
| ১১. | **বিবিধঃ<br>(ক) নৌপরিবহন মন্ত্রণালয়ের কক্ষসমূহের সংস্কার কার্যক্রম** | সভায় জানানো হয় যে, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের কার্যাদেশ প্রাপ্ত ঠিকাদার কর্তৃক নৌপরিবহন মন্ত্রণালয়ের মডেল কক্ষ তৈরির কাজ সম্পন্ন হয়েছে। মডেল কক্ষ প্রস্তুতকালে মাননীয় প্রতিমন্ত্রী, সভাপতিসহ কর্মকর্তাগণ কাজ প্রত্যক্ষ ও পরিদর্শন করে মতামত দিয়েছেন। সে অনুযায়ী আসন ব্যবস্থার প্রয়োজনীয় পরিমার্জন, পরিবর্তন, পরিবর্ধন ও সংস্কার করা হয়েছে। মডেল কক্ষের আলোকে পূর্ণাঙ্গ কাজের লক্ষ্যে | ১১। (ক) কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান কর্তৃক "Remodeling and Interior Decoretion of MoS Rooms" শীর্ষক কাজ দ্রুত সম্পন্ন করতে হবে। মন্ত্রণালয় হতে বিষয়টি যথাযথ তদারকি করতে হবে। (খ) মন্ত্রণালয়ের সভাকক্ষের অভ্যন্তরীণ সজ্জা, ভিডিও ও সাউন্ড সিস্টেম স্থাপনের কাজটি | নৌপরিবহন মন্ত্রণালয়/চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | "Remodeling and Interior Decoretion of MoS Rooms" নামক কাজের টেন্ডার আহবান করা হয়েছে। চেয়ারম্যান চবক কর্তৃক মন্ত্রণালয়ের সভাকক্ষের অভ্যন্তরীণ সজ্জা, ভিডিও ও সাউন্ড সিস্টেমটি ভার্চুয়াল সভার উপযুক্ত করে স্থাপন করা হবে মর্মে চেয়ারম্যান চবক সভাকে অবহিত করেন। | চবক বাস্তবায়ন করবে। | |
| | (খ) ক্যাডার সার্ভিসের নামপদবি ব্যবহার সংক্রান্ত | সভায় জানানো হয়, যে সকল দপ্তর ও সংস্থায় সচিব, অতিরিক্ত সচিব, যুগ্মসচিব, উপসচিব, সহকারী সচিবসহ অন্যান্য পদবীতে ক্যাডার সার্ভিসের পদবী রয়েছে সেগুলো পরিবর্তন করার বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ২৮-১১-২০১৯ তারিখ ০৪.০০.০০০০.৪২৩.৩৫. ০০৩.১৫.৯৫ নং স্মারকের এ পত্রটি ৩০-১০-২০১৯ তারিখে সকল দপ্তর ও সংস্থায় প্রেরণ করা হয়েছে। এ বিষয়ে চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ জানান যে, বিআইডব্লিউটিএর বোর্ড সভায় বিআইডব্লিউটিএতে ক্যাডার সার্ভিসের যে সকল পদবী রয়েছে সেগুলো পরিবর্তন করা হয়েছে। প্রবিধানমালা সংশোধনের কার্যক্রম চলামান আছে। সভাপতি জানান যে, বিআইডব্লিউটিএর মত করে অন্যান্য দপ্তর ও সংস্থাগুলো এ সকল পদবী পরিবর্তনের কার্যক্রম দুত গ্রহণ করতে হবে। | ১১।(খ) দপ্তর ও সংস্থায় ক্যাডার সার্ভিসের ন্যায় বিদ্যমান পদনাম পরিবর্তনের বিষয়ে দুত কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। এ বিষয়ে অগ্রগতি প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। | সকল দপ্তর/সংস্থা ও মন্ত্রণালয়ের প্রশাসন শাখা। |

৪। দপ্তর ও সংস্থাসমূহ মাসিক সমন্বয় সভার সিদ্ধান্তের অগ্রগতি প্রতিবেদন প্রতিমাসের ১/২ তারিখের মধ্যে নৌপরিবহন মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করবে।

৫। পরিশেষে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
তারিখ: ০২-০২-২০২১
(মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী)
সচিব
নৌপরিবহন মন্ত্রণালয়

স্মারক নম্বর: ১৮.০০.০০০০.০৩৬.০৬.০১৬.১৯ (অংশ-১)- ৫৫ তারিখ ১৯ মাঘ ১৪২৭ ব: / ০২ ফেব্রুয়ারি ২০২১ খ্রি:

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

১। চেয়ারম্যান, চবক/বিআইডব্লিউটিএ/বিআইডব্লিউটিসি/মোবক/বাস্থবক/পাবক/জাতীয় নদী রক্ষা কমিশন।
২। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, মতিঝিল বা/এ, ঢাকা।
৩। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, সল্টগোলা রোড, চট্টগ্রাম।
৪। যুগ্মসচিব (সকল), নৌপরিবহন মন্ত্রণালয়।
৫। কমান্ড্যান্ট, মেরিন একাডেমি, জুলদিয়া, আনোয়ারা, চট্টগ্রাম।
৬। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়।
৭। উপসচিব (সকল), নৌপরিবহন মন্ত্রণালয়।
৮। পরিচালক, নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর, আগ্রাবাদ, চট্টগ্রাম।
৯। অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট, দক্ষিণ হালিশহর, বন্দর, চট্টগ্রাম-৪১০০।
১০। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়।
১১। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), নৌপরিবহন মন্ত্রণালয়।
১২। হিসাব রক্ষণ কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়।
১৩। অতিরিক্ত সচিব (প্রশাসন/বন্দর/উন্নয়ন/সংস্থা-১/সংস্থা-২) এর ব্যক্তিগত কর্মকর্তা,নৌপরিবহন মন্ত্রণালয়।
১৪। যুগ্মসচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়।
১৫। প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

০৩.০২.২১

মোঃ আলাউদ্দিন
সহকারী সচিব